

## ভালমনের মানুষ তৈরিতে চট্টগ্রামে নির্মিত হচ্ছে বিশেষায়িত স্কুল

॥ সারোয়ার সুমন, চট্টগ্রাম অফিস ॥

৫৬ কোটি টাকার বিশাল বাজেট নিয়ে চট্টগ্রামে নির্মিত হচ্ছে বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান 'সাইডার ইন্টারন্যাশনাল স্কুল'। এই প্রতিষ্ঠান তৈরির উদ্যোক্তা চকু বিশেষজ্ঞ অধ্যাপক ডা. রবিউল হোসেন। সাড়ে ৪ একর জায়গার ওপর নির্মাণাধীন এ স্কুলে একসাথে শিক্ষা নিতে পারবে ২ হাজার ৪০০ শিক্ষার্থী। এতো বেশি বাজেট নিয়ে বিস্তৃত জায়গা জুড়ে নির্মিত চট্টগ্রামে একমাত্র স্কুল এটি। অত্যাধুনিক এ স্কুলে থাকছে সুইমিং পুল। শিশুদের মনোবিকাশে সহায়তা করতে থাকছে বিস্তৃত খেলার মাঠও। প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথে এ স্কুলের শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধ তৈরি করতে দেয়া হবে বিশেষ পাঠ। এ ব্যাপারে দৈনিক ইত্তেফাককে ডা. রবিউল হোসেন বলেন, 'পাহাড়তলী চকু হাসপাতাল পরিচালনা করতে গিয়ে জালো মনের মানুষের তীব্র সংকট দেখেছি আমি। মানবিক মূল্যবোধ

সম্পন্ন মানুষ তৈরি করতে তাই স্কুল নির্মাণের উদ্যোগ নিয়েছি আমি। কারণ আমি মনে করি মানুষকে হর্শিক্ত করার উপযুক্ত সময় তার শিশুকাল।

ডা. রবিউল হোসেনের যত্নে স্কুলের নির্মাণ কাজ এগিয়ে চলেছে পুরোনো। বর্তমানে ২ একর জায়গায় নির্মিত সাইডার স্কুলে ৪৬০ জন শিক্ষার্থী থাকলেও নির্মাণ কাজ শেষে ২০০৯ সালে শিক্ষার্থী বেড়ে দাঁড়াবে ২ হাজার ৪০০ জনে। বাড়বে শিক্ষকের সংখ্যাও। বর্তমানে আংশিক নির্মিত ভবনে ৫০ জন শিক্ষক কর্মরত থাকলেও প্রকল্প শেষে শিক্ষক সংখ্যা পৌঁছাবে ৩০০ জনে। ব্যক্তিত্বমধুরী এ স্কুলে শিক্ষার্থী ভর্তি শুরু হবে প্রে গ্রুপ থেকে। এ কাজে তাকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন চট্টগ্রামেরই কয়েকজন ব্যবসায়ী। এদের মধ্যে আছেন ব্যারিস্টার অরিন্দম ইসলাম মাহমুদ, বিশিষ্ট ব্যবসায়ী নাদের বান, শামসুল আলম প্রমুখ।